

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
(চিকিৎসা ও পুনর্বাসন অধিশাখা)
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
৪১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
Website: www.dnc.gov.bd

২৩ জ্যৈষ্ঠ, ১৪২৮

নথি নং-৫৮.০২.০০০০.০০৬.২৫.৫২৫.১৩- ৪৬৭

তারিখ : -----

০৬ মে, ২০২১

বিষয় : মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের চট্টগ্রাম, সিলেট, রাজশাহী এবং ময়মনসিংহ বিভাগের আওতাধীন সকল বিভাগীয় এবং জেলা কার্যালয়ে কর্মরত “সিপাহী”-দের “সরকারী কর্মচারী নিয়মিত উপস্থিতি অধ্যাদেশ ২০১৯, সরকারি কর্মচারী আচরণ বিধিমালা, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫, নিয়োগ ও পদোন্নতি বিধিমালা, জ্যেষ্ঠতা বিধিমালা, ছুটি বিধি” বিষয়ক অনলাইন/জুম প্রাটফর্মে অংশগ্রহণ প্রসঙ্গে।

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের চট্টগ্রাম, সিলেট, রাজশাহী এবং ময়মনসিংহ বিভাগের আওতাধীন সকল বিভাগীয় এবং জেলা কার্যালয়ে কর্মরত “সিপাহী”-দের “সরকারী কর্মচারী নিয়মিত উপস্থিতি অধ্যাদেশ ২০১৯, সরকারি কর্মচারী আচরণ বিধিমালা ২০১৮, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮, নিয়োগ ও পদোন্নতি বিধিমালা, জ্যেষ্ঠতা বিধিমালা, ছুটি বিধি” বিষয়ক অনলাইন/জুম প্রাটফর্মে আগামী ১৭ মে ২০২১ ইং তারিখ সকাল ০৯.৪৫ ঘটিকায় একটি প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে। উক্ত প্রশিক্ষণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন অধিদপ্তরের মাননীয় মহাপরিচালক জনাব মোহাম্মদ আহসানুল জব্বার মহোদয় এবং সভাপতিত্ব করবেন অধিদপ্তরের অতিরিক্ত মহাপরিচালক জনাব মোঃ আব্দুল মান্নান মহোদয়। প্রশিক্ষক হিসেবে উপস্থিত থাকবেন শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব মোঃ বিল্লাল হোসেন মহোদয় এবং অধিদপ্তরের অতিরিক্ত মহাপরিচালক জনাব মোঃ আব্দুল মান্নান মহোদয়।

Zoom Online ID : 824 5039 9162

Passcode : 13 53 13

জুম এ লগ ইন করার পর সকলে Rename Option-এ গিয়ে আপনাদের নাম এবং জেলা কার্যালয় উল্লেখ করার জন্য অনুরোধ করা হল। প্রশিক্ষণার্থীদের সার্বক্ষণিক ভিডিও অন রেখে মনোযোগ সহকারে ক্লাসে উপস্থিত থাকার অনুরোধ করা হলো। যেহেতু অনেক সিপাহীদের এন্ড্রয়েড মোবাইল সেট এবং অনলাইনে/জুমে সংযুক্ত হওয়ার পর্যাপ্ত সুযোগ না থাকায় ল্যাপটপ/মোবাইল সেটে একসাথে দুই/তিন জন বা ততোধিক করে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো। ফলে যে সকল সিপাহীদের মোবাইল/ল্যাপটপ নাই তারাও প্রশিক্ষণে সংযুক্ত হওয়ার সুযোগ নিশ্চিত হবে। মহাপরিচালক এবং অতিরিক্ত মহাপরিচালক মহোদয় উপস্থিতির বিষয়টি নিশ্চিত করার জন্য কঠোরভাবে নির্দেশনা প্রদান করেছেন। উক্ত অনলাইন/জুম প্রাটফর্মে প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য চট্টগ্রাম, সিলেট, রাজশাহী এবং ময়মনসিংহ বিভাগের আওতাধীন সকল বিভাগীয় এবং জেলা কার্যালয়ে কর্মরত “সিপাহী”-কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

রাহুল সেন
০৫/০৫/২০২১
(রাহুল সেন)
সহকারী পরিচালক
(চিকিৎসা ও পুনর্বাসন)

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. পরিচালক(প্রশাসন/অপবেশনস/চিকিৎসা ও পুনর্বাসন/নিরোধ শিক্ষা ও গবেষণা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা/ চীফ কনসালটেন্ট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা।
২. অতিরিক্ত পরিচালক, বিভাগীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/বরিশাল/ময়মনসিংহ/সিলেট/খুলনা/ রংপুর/ রাজশাহী/ বিভাগীয় গোয়েন্দা কার্যালয়-----।
৩. সিস্টেম এনালিস্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা। (ওয়েবসাইটে আপলোডসহ প্রশিক্ষণের বিষয়টি সংশ্লিষ্টদের ব্যক্তিগত ডাটশীটে কারিকুলাম ভিত্তিক অন্তর্ভুক্ত করার জন্য অনুরোধ করা হলো।
৪. উপপরিচালক (সকল), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, -----প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/গোয়েন্দা শাখা/জেলা কার্যালয়।
৫. সহকারী পরিচালক (সকল), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, -----প্রধান কার্যালয়/ বিভাগীয় কার্যালয়/গোয়েন্দা শাখা/জেলা কার্যালয়।
৬. প্রশাসনিক কর্মকর্তা/পরিদর্শক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ---- প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/গোয়েন্দা শাখা/জেলা কার্যালয়।
৭. মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী। ইহা মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
৮. অতিরিক্ত মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী। ইহা অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
৯. অফিস কপি।